

প্রশিক্ষণ কেন্দ্র করবে সরকার গণশিক্ষা প্রতিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

৯ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৯ সেপ্টেম্বর ২০১৯ ০২:০০



প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন বলেছেন, ৬৪ জেলায় ৬৪টি জীবিকায়ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে। এর সঙ্গে আইসিটি বেজড স্থায়ী কমিউনিটি লার্নিং সেন্টারও করা হবে। গতকাল রাজধানীর সেগুনবাগিচায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি মিলনায়তনে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ কথা বলেন তিনি।

প্রতিমন্ত্রী বলেন, ইতোমধ্যে সরকার ১৫ বছরের উর্ধ্বে ৫০ লাখ নিরক্ষরকে মৌলিক সাক্ষরতা প্রদান এবং ১৫-৪৫ বছর বয়সী ৫ লাখ যুব ও বয়স্ক নতুন সাক্ষরতা অর্জনকারী ব্যক্তির দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করেছে। তিনি আরও বলেন, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড গঠন করা হয়েছে।

এ বোর্ডের মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষার সঙ্গে জড়িত সারাদেশের সরকারি-বেসরকারি সব প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন, শিক্ষকদের যোগ্যতা ও দক্ষতা নিরূপণ, শিক্ষার্থীদের নিবন্ধন, প্রশ্নপত্র প্রণয়ন, পরীক্ষা গ্রহণ ও সনদ প্রদান করা হবে।

advertisement